গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(এনজিও সেল)
চট্টগ্রাম।
www.chittagong.gov.bd

এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:-

সভাপতি : জনাব আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান, জেলা প্রশাসক, চট্টগ্রাম।
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, চট্টগ্রাম।
তারিখ : ১২ ডিসেম্বর, ২০২৩ খ্রি.।
সময় : বেলা ০৩.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

চট্টগ্রাম জেলার এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় উপস্থিত বিভিন্ন দপ্তরের প্রতিনিধিবৃন্দ ও এনজিও সংস্থাসমূহের প্রধান ও প্রতিনিধিগণকে মহান বিজয় দিবসের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি ও অদ্যকার সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চট্টগ্রামকে অনুরোধ করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চট্টগ্রাম বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর এনজিও সংস্থাসমূহ কর্তৃক গৃহীত ও বাস্তবায়িত কার্যাবলি আলোচনা করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ করা হয় এবং নিম্নবর্ণিত আলোচনা ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্রম | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | বিগত ১৪.১১.২০২৩ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কার্যবিবরণী অনুমোদিত। | জেলা প্রশাসন ও এনজিও (সকল) চট্টগ্রাম। |
| ২ | আলোচনায় জেলা প্রশাসক ও সভাপতি সকলকে বিজয়ের মাস ও বিজয় দিবসের শুভেচ্ছা জানান। তিনি বলেন এ মাস আমাদের জাতীয় জীবনের সবচেয়ে বেশি গৌরবের। কারণ এ মাসে আমরা আমাদের কাঙ্খিত স্বাধীনতা লাভ করি। ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বিজয় লাভের পর জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয় ব্যক্ত করেন তা অর্জনের জন্য তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষনা করেছেন "রূপকল্প-২০৪১ বা উন্নত সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ" স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি ও স্মার্ট গভার্নমেন্ট অর্জনের মাধ্যমেই আমরা স্মার্ট বাংলাদেশ গড়তে সক্ষম হবো। আর এ লক্ষ্য অর্জনে সরকারের পাশাপাশি আপনাদেরকে (এনজিও) নিরলসভাবে কাজ করতে হবে। আমরা ইতোমধ্যে এমডিজি ও রূপকল্প-২০২১ অর্জন করতে সক্ষম হয়েছি। এখন বাস্তবায়ন করে চলেছি এসডিজি ও রূপকল্প-২০৪১। আগামী ২০৩০ সালে এসডিজি অর্জনের মধেদিয়ে আমরা রূপকল্প-২০৪১ অর্জনের দারপ্রান্তে পৌছে যাবো বলে আমি বিশ্বাস করি। পরিশেষে সকলকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের তাগিদ প্রদান করে তিনি তার বক্তব্য শেষ করেন। | স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকারের পাশাপাশি সকল এনজিও সংস্থাকে সরকারি সকল দপ্তরের সাথে সমন্বয় সাধন করে নিরলসভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসন ও এনজিও (সকল) চট্টগ্রাম। |
| ৩ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চট্টগ্রাম মহান বিজয় দিবস এর শুভেচ্ছা জানিয়ে বলেন ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস আমাদের জাতীয় জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ণ। বঙ্গবন্ধু ও বাংলাদেশ এক ও অভিন্ন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আহবানে সাড়া দিয়ে সমগ্র বাঙালি জাতি মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে দীর্ঘ ৯ মাস সশস্ত্র যুদ্ধে সীমাহীন ত্যাগ এবং অসীম বীরত্ব প্রদর্শন করে বিজয় অর্জন করে। জাতীয় কর্মসূচির আলোকে আগামী ১৬ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ বিজয় দিবস যথাযোগ্য এবং সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে জেলা প্রশাসন, চট্টগ্রাম বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছেন। উক্ত কর্মসূচিতে সকলকে অংশ গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। এছাড়াও ১৫.১২.২০২৩ তারিখ সন্ধ্যা হতে ১৬.১২.২০২৩ রাত ১২ ঘটিকা পর্যন্ত এনজিও সংস্থাসমূহের অফিস সজ্জিতকরণ ও আলোকসজ্জার ব্যবস্থা নেয়ার জন্য এনজিওসমূহকে অনুরোধ করেন। | জেলা প্রশাসন, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত মহান বিজয় দিবস - ২০২৩ এর সকল অনুষ্ঠানমালায় অংগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | এনজিও (সকল) চট্টগ্রাম। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৪. | সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, এনজিও সেল, চট্টগ্রাম সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন আপনাদের সকলের সার্বিক সহযোগিতায় আপনাদের দীর্ঘ দিনের লালিত স্বপ্ন এনজিও ওয়েব পোর্টাল তৈরির কাজ সম্পন্ন করতে পেরেছি। ইতোমধ্যে আপনাদের স্ব-স্ব ই-মেইলে আইডি ও পাসওয়ার্ড প্রেরণ করা হয়েছে। আমরা আশা করছি এই ওয়েব পোর্টালে চট্টগ্রামের এনজিও সমূহ তাদের নিজ নিজ তথ্য আপলোড করে নেবে। তিনি বলেন, প্রত্যয়ন প্রাপ্তি সংক্রান্ত বিষয়ে আমি সবসময় আপনাদের দৃষ্টি আকর্ষণ করে আসছি। এরপরও আপনাদের কিছু ত্রুটি থেকে যাচ্ছে। বিশেষ করে প্রত্যয়নপত্র প্রাপ্তি সংক্রান্ত যেকোন বিষয়ে অবশ্যই তথ্যনির্ভর প্রয়োজনীয় কাগজপত্র জমা করতে হবে। যোগাযোগের জন্য দায়িত্বশীল একজনের মোবাইল নাম্বার দিবেন যাতে জরুরী প্রয়োজনে যোগাযোগ করা যায়। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | প্রত্যয়নপত্রের আবেদনে প্রয়োজনীয় কাগজপত্র যথাযথভাবে সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এনজিও (সকল) চট্টগ্রাম। |
| ৫. | স্বপ্নীল ব্রাইট ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক ও জেলা এনজিও বিষয়ক সমন্বয়ক জনাব মোহাম্মদ আলী শিকদার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি বলেন সকলের সার্বিক সহযোগিতায় আমাদের চট্টগ্রাম জেলা এনজিও ওয়েব পোর্টালের কাজ সম্পন্ন হয়েছে। পোর্টালের নাম সর্বসম্মতিক্রমে চট্টগ্রাম জেলা এনজিও পোর্টাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ওয়েব পোর্টালের একটা আইডি থাকবে- ngochattogram.org. এনজিও গুলোর জন্য পৃথক পৃথক ভাবে আইডি নম্বর ও পাসওয়ার্ড ই-মেইলে প্রেরণ করা হয়েছে। যদি কোন সংস্থা ই-মেইলে পাসওয়ার্ড না পেয়ে থাকেন বা কোন সমস্যা পরিলক্ষিত হয় তাহলে জানানোর জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান। ওয়েব পোর্টালে যেকোন ধরনের ভুলত্রুটি সংশোধন করার সুযোগ আছে এবং সকল এনজিও নিজেদের তথ্য অফিসে বসে আপডেট করতে পারবেন। Coders Lab Ltd' চট্টগ্রাম আগামী ৬ মাস পর্যন্ত আমাদেরকে Free Service দিবেন।কোন সংশোধন বা ভুলভ্রান্তি থাকলে সংশোধন করে দেওয়া হবে। এরপর তিনি সকলের অবগতির জন্য জানান এনজিও সেক্টরের ২জন সহকর্মী মৃত্যুবরন করেছেন। এস ও এস শিশু পল্লী সংস্থার সহকারী পরিচালক জনাব জহিরুল ইসলাম ও হীড বাংলাদেশ সংস্থার লিয়াজো অফিসার জর্জ এন্ড্রু বিশ্বাস। তিনি তাদের আত্মার মাগফেরাত কামনা করে বক্তব্য শেষ করেন। | চট্টগ্রাম জেলা এনজিও ওয়েব পোর্টালের নাম সর্বসম্মতিক্রমে চট্টগ্রাম এনজিও ওয়েব পোর্টাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসন ও এনজিও (সকল) চট্টগ্রাম। |
| ৬ | এনজিও বিটা এর প্রকল্প সমন্বয়কারী বাপ্পা চৌধুরী সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন সেভ দ্যা চিলড্রেন এর সহযোগিতায় বিটা (বাংলাদেশ ইনস্টিটিউট অব থিয়েটার আর্টস) স্কিলস টু সাকসিড জিজি ৮ প্রকল্পের আওতায় চট্টগ্রাম শহরে যুবাদের কর্মদক্ষতা ও সক্ষমতার উন্নয়ন বিষয়ক ২টি প্রকল্প চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ টি ওয়ার্ডে ২০২২ সাল থেকে কার্যক্রম শুরু করে। এই প্রকল্পটি যুবাদের মধ্যে কারিগরী দক্ষতা তৈরী ও কর্মসংস্থান এর সাথে সম্পৃক্ততার লক্ষ্যে কাজ করছে। প্রকল্পের কার্যক্রমের মধ্যে রয়েছে ৩ মাস ১৫ দিনব্যাপী গ্রাফিকস ডিজাইন ট্রেনিং প্রদান, ভ্রাম্যমান বাসের মাধ্যমে কারিগরী প্রশিক্ষণ সম্পর্কে সচেতনতা তৈরী নিয়ে কমিউনিটিতে ক্যাম্পেইন, বিভিন্ন বেসরকারী সংস্থার সাথে কর্মসংস্থানের জন্য লিংকেজ তৈরী করা । সংস্থার কার্যক্রমে যে অর্জনগুলো হয়েছে তা হলো : ২০২ জন যুবাকে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান , ৩৬ জনকে চাকুরীর সাথে যুক্ত করা, ৮৭ জনকে উদ্যোক্তা হিসাবে তৈরীর জন্য ৮০০০ টাকা করে প্রদান ও ৩টি প্রতিষ্ঠানের সাথে দ্বিপাক্ষিক চুক্তি সম্পাদন করা। এছাড়াও ইউএসআইডি এর আর্থিক সহযোগিতায় এবং উইনরক ইন্টারন্যাশনালের কারিগরী সহায়তায় বিটা (বাংলাদেশ ইনস্টিটিউট অব থিয়েটার আর্টস) চট্টগ্রাম জেলার তিনটি উপজেলায় ফাইট স্লেভারি ট্রাফিকিং ইন পারসনস (এফএসটিআইপি) প্রকল্পের তিনটি উপজেলায় আনোয়ারা, বাঁশখালী এবং ফটিকছড়ি উপজেলার ১৪টি ইউনিয়নে প্রকল্পের কার্যক্রম বাস্তবান করছে। এই প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে কিশোর-কিশোরীদের মধ্যে বাল্যবিবাহ প্রতিরোধ ও পাচারের ঝুঁকিতে থাকা নারী-পুরুষের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। এবং সেই সাথে নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণে মানুষকে সচেতন করছে। | সংস্থাটিকে কার্যক্রম অব্যাহত রাখার পরামর্শ দেওয়া হয়। | সংশ্লিষ্ট এনজিও, চট্টগ্রাম। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৭. | আলহাজ্ব শামসুল হক ফাউন্ডেশন এর চেয়ারম্যান জনাব ইঞ্জিনিয়ার মুহাম্মদ নাছির উদ্দিন সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি বলেন চট্টগ্রাম জেলা প্রশাসনের সার্বিক তত্ত্বাবধানে চট্টগ্রাম জেলায় কর্মরত এনজিও সমূহের সমন্বয়ে ওয়েব পোর্টাল তৈরির কাজ শেষ হয়েছে যার মধ্যে এখন থেকে সকল এনজিও নিজেদের তথ্য অফিসে বসে আপডেট করতে পারবেন। বিশেষ করে কোন সংস্থা কোন কোন প্রকল্প নিয়ে কাজ করছে সে বিষয়ে একটা ধারণা পাওয়া যাবে। অতি অল্প সময়ের মধ্যে এনজিও ওয়েব পোর্টাল তৈরির কাজ শেষ করায় জেলা প্রশাসন, চট্টগ্রার এর প্রতি কৃতজ্ঞা প্রকাশ করেন এবং কমিটির সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | চট্টগ্রাম জেলায় কর্মরত এনজিও সমূহের জন্য তথ্যসমৃদ্ধ ওয়েব পোর্টাল তৈরির কাজ শেষ করায় কমিটির সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | সংশ্লিষ্ট এনজিও, চট্টগ্রাম। |
| ৮. | উন্নয়ন সংস্থা "বিটা" এর পক্ষ থেকে প্রকল্পের চলমান কাজের উপর একটি তথ্যসমৃদ্ধ প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। এনজিও সংস্থা "Swiss Contact" কর্তৃক আগামী জানুয়ারি, ২০২৪ এর এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভার পক্ষ থেকে "বিটা" কে ধন্যবাদ দেওয়া হয়। | সংশ্লিষ্ট এনজিও, চট্টগ্রাম। |

আর কোন আলোচ্যসূচি না থাকায় জেলা প্রশাসন, চট্টগ্রাম কর্তৃক জাতীয় কর্মসূচির আলোকে আয়োজিত ১৬ ডিসেম্বর, ২০২৩ তারিখ "মহান বিজয় দিবস -২০২৩" যথাযোগ্য মর্যাদায় উদযাপনসহ সকল অনুষ্ঠানে সকলের অংশগ্রহণের অনুরোধ জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান
জেলা প্রশাসক
চট্টগ্রাম।
ফোন: ০২-৩৩৩৩৬৯৯৯৬ ফ্যাক্স: ০৩১-৬৩৫২৭২ ,০৩১-৬২০৫৭০
ইমেইল: dcchittagong@mopa.gov.bd

স্মারক নং -০৫.৪২.১৫০০.২০৮.১২.০০৩.২০২২-05

তারিখ: 29 পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
11 জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি / কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):
১. মহাপরিচালক (গ্রেড-১) ,এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ , চট্টগ্রাম।
৩. পুলিশ সুপার, চট্টগ্রাম।
৪. সিভিল সার্জন, চট্টগ্রাম।
৫ .উপ-পরিচালক ,স্থানীয় সরকার , চট্টগ্রাম।
৬. উপ-পরিচালক, জেলা সমাজসেবা অফিস, চট্টগ্রাম।
৭. উপ-পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, চট্টগ্রাম।
৮. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা / যুব উন্নয়ন অফিস, চট্টগ্রাম।
৯. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অফিস, চট্টগ্রাম।
১০. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অফিস, চট্টগ্রাম।
১১. উপজেলা পরিষদ চেয়ারম্যান, ............ (সকল), চট্টগ্রাম।
১২. উপজেলা নির্বাহী অফিসার, ............... (সকল), চট্টগ্রাম।
১৩. জেলা সমবায় কর্মকর্তা, চট্টগ্রাম।
১৪. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
১৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
১৬. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, চট্টগ্রাম।
১৭. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চট্টগ্রাম।
১৮. সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, চট্টগ্রাম।
১৯. গোপনীয় সহকারী, (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০. ...... ........................................ এনজিও (সকল), চট্টগ্রাম।
২১ .অফিস কপি।

১১/০১/২৪

মো: জসিম উদ্দিন
সহকারী কমিশনার
এনজিও সেল, চট্টগ্রাম।

Scanned with CamScanner